

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫২২৬

শান্তিরবাজার, ১৬ মার্চ, ২০২৪

দক্ষিণ ত্রিপুরা জেলায় সাংবাদিকদের নিয়ে কর্মশালা

শক্তিশালী সংবাদমাধ্যম শক্তিশালী গণতন্ত্র

উপহার দিতে পারে : জেলাশাসক

দক্ষিণ ত্রিপুরা জেলা প্রশাসন এবং তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আজ জেলাশাসক কার্যালয়ের মিলনায়তনে জেলার সাংবাদিকদের নিয়ে এক কর্মশালা অনুষ্ঠিত হয়। জেলাশাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল কর্মশালার উদ্বোধন করে বলেন, সংবাদমাধ্যম হলো গণতন্ত্রের চতুর্থ স্তৰ। শক্তিশালী সংবাদমাধ্যম শক্তিশালী গণতন্ত্র উপহার দিতে পারে। কর্মশালায় আগরতলা প্রেস ক্লাবের সভাপতি জয়ন্ত ভট্টাচার্য বলেন, মানুষের প্রতি সংবাদপত্র দায়বদ্ধ। তিনি সকল সাংবাদিকদের সত্যনিষ্ঠ সংবাদ পরিবেশন করার পরামর্শ দেন। ত্রিপুরা টাইমস পত্রিকার চিফ এডিটর মানস পাল বলেন, গণতন্ত্রের বড় উৎসব নির্বাচন। নির্বাচনের আচরণবিধি মেনে সংবাদ পরিবেশন করা প্রয়োজন। তাছাড়াও কর্মশালায় বক্তব্য রাখেন জেলা পুলিশ সুপার অশোক সিনহা। স্বাগত বক্তব্য রাখেন তথ্য ও সংস্কৃতি দপ্তরের সহঅধিকর্তা রিপন চাকমা। কর্মশালায় জেলার ৪৫ জন সাংবাদিক অংশ নেন।

\*\*\*\*\*